

১৩ ডিসেম্বর ২০২০ ইং

প্রেস বিজ্ঞপ্তি

আহ্ছানউল্লা বিশ্ববিদ্যালয়ের স্প্রিং সেমিস্টার ওরিয়েন্টেশন অনুষ্ঠিত



আহ্ছানউল্লা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের স্প্রিং সেমিস্টার ২০২০ এর ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়েছে রোববার, ১৩ ডিসেম্বর ২০২০ জুম অ্যাপসের মাধ্যমে। এতে প্রধান অতিথি হিসেবে অংশ নেন আহ্ছানউল্লা বিশ্ববিদ্যালয়ের উপদেষ্টা ও সাবেক ভাইস-চ্যান্সেলর প্রফেসর ড. এম. এইচ. খান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ড. মুহাম্মদ ফাজলী ইলাহী।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ার মো. শহিদুজ্জামান, সাবেক এমপি, ম্যানেজিং পার্টনার, বিকল্প কেমিক্যালস লি., ভাইস প্রেসিডেন্ট, বিএসএমই ও আহ্ছানউল্লা বিশ্ববিদ্যালয়ের ট্রেজারার প্রফেসর ড. মুস্তাফিজুর রহমান।

বিশ্ববিদ্যালয়ের ভাইস-চ্যান্সেলর নবীন শিক্ষার্থীদের উদ্দেশ্যে দিক নির্দেশনামূলক বক্তব্য প্রদান করেন।

এ সময় আরও বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ড. মো. মোশারফ হোসাইন, বিজনেস অ্যান্ড স্যোশাল সায়েন্স ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. মো. আমানউল্লাহ, আর্কিটেকচার ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. এম. এ. মুক্তাদির, প্রকৌশল ফ্যাকাল্টির ডিন প্রফেসর ড. আবদুর রহিম মোল্লা, বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর ড. মো. হামিদুর রহমান খান, পরীক্ষা নিয়ন্ত্রক, লাইব্রেরিয়ান প্রমুখ।

বিভাগীয় প্রধানরা, অফিস প্রধানরা, শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীরা ও নবীন শিক্ষার্থীরা এ সময় উপস্থিত ছিলেন। অনুষ্ঠানটি সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের ছাত্র কল্যাণ উপদেষ্টা প্রফেসর ড. শারমিন রেজা চৌধুরী।